



ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় ইসরায়েলের বীরশেবাতে প্রাণ গেল তিনজনের, আহত বহু



সংগৃহীত ছবি

ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলায় রক্তাক্ত হলো ইসরায়েলের শহর বীরশেবা। আজ সকালে ইরান থেকে ছোড়া ক্ষেপণাস্ত্রের আঘাতে অন্তত তিনজন নিহত হয়েছেন, যাদের মধ্যে দুজন পুরুষ এবং একজন নারী। আহত হয়েছেন আরও অন্তত আটজন।

ইসরায়েলের জরুরি সেবাদাতা সংস্থা ম্যাগেন ডেভিড অ্যাডম (MDA) নিশ্চিত করেছে, আহতদের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক। অন্যদের মধ্যে ছয়জনকে ঘটনাস্থলে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর ছেড়ে দেওয়া হয়।

হামলার পর বীরশেবার ক্ষতিগ্রস্ত ভবনে এখনও উদ্ধার অভিযান চলছে। ধ্বংসস্তূপের নিচে কেউ আটকে রয়েছেন কি না, তা নিশ্চিত হতে মেডিকেল ও রেসকিউ টিম কাজ করে যাচ্ছে। ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (IDF) জানায়, আজ সকালে ইরান থেকে মোট পাঁচ দফায় ক্ষেপণাস্ত্র ছোড়া হয়। এসব হামলা ছিল অত্যন্ত সমন্বিত ও পূর্ব পরিকল্পিত। প্রতিরক্ষা বাহিনী বেশ কিছু ক্ষেপণাস্ত্র ভূপাতিত করলেও কয়েকটি লক্ষ্যভেদে সফল হয়।

সূত্র : টাইমস অব ইসরায়েল